**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date :10-07-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Business Conclave:**

রাজ্যে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে আগরতলার হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনের কনভেশন সেন্টারে গতকাল থেকে ডেস্টিনেশান ত্রিপুরা বিজনেস কনক্লেভ শুরু হয়েছে। রাজ্যের শিল্প বানিজ্য দপ্তর এবং ফিকি আয়োজিত দুই দিনের এই বিজনেস কনক্লেভের উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগে বিভিন্ন সংস্থা ও রাজ্য সরকারের মধ্যে মউ স্বাক্ষর করা হয় অনুষ্ঠানে।

কনক্লেভে নয়টি দেশের প্রতিনিধি ছাড়াও দেশ বিদেশের শিল্পোদ্যোগী, শিল্পপতি, বিনিয়োগকারী অংশ নিয়েছেন। এছাড়া ভার্চুয়াল ভাবে কেন্দ্রীয় শিল্প বানিজ্য মন্ত্রী পীযুশ গোয়েল, ডোনারমন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া অংশ নেন।

অনুষ্ঠানে উদ্বোধকের ভাষনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশিত পথে এগিয়ে চলছে ত্রিপুরা। শিল্প বিনিয়োগে উপযুক্ত ও নিরাপদ এই রাজ্য। প্রাকৃতিক গ্যাস, সমৃদ্ধ ত্রিপুরায় বিনিয়োগের জন্য আহ্বান জানান মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, আজ এই কনক্লেভের সমাপ্তি হচ্ছে।

****************************

**CM- UDAIPUR :**

কাকড়াবনে আজ রবি মরশুমের ধান সংগ্রহ কর্মসূচির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। ত্রিপুরা সরকারের খাদ্য, গণ বন্টন ও ক্রেতা সুরক্ষা দপ্তরের উদ্যোগে ২০২৫-২৬ বিপণন মরশুমের ন্যূনতম সহায়ক মূল্যে

কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ কর্মসূচি অনুষ্ঠিত হবে কাকড়াবন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মাঠে|

****************************

**Amarnath Yatra :**

জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস বেস ক্যাম্প থেকে তীর্থযাত্রীদের অষ্টম দল গতকাল অমরনাথের গুহা মন্দিরের উদ্দেশে রওনা হয়েছে| এই দলে রয়েছে ৮ হাজারের বেশি পুণ্যার্থী| তাঁদের যাত্রা সুষ্ঠু ও নিরাপদ করতে প্রশাসন, পুলিশ, নিরাপত্তা বাহিনী ও শ্রী অমরনাথ শ্রাইন বোর্ড প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে|

****************************

**Flood Situation-UNAKOTI :**

ঊনকোটি জেলার বন্যা পরিস্থিতির সামান্য উন্নতি হয়েছে। দেও এবং মনুনদীর জলস্তর ধীরে ধীরে কমছে। জেলায় বর্তমানে ৪৭ টি সরকারি ত্রাণ শিবির খোলা রয়েছে। এরমধ্যে কুমারঘাট মহকুমার ২৯ টি ত্রাণ শিবিরে ১১৬৫ টি পরিবারের সর্বমোট ৪৬৩৯ জন বন্যাদুর্গত মানুষ রয়েছেন। অন্যদিকে কৈলাশহর মহকুমায় ১৮ টি ত্রাণ শিবির খোলা রয়েছে। এসব শিবিরে ১১৭৭ পরিবারের সর্বমোট ৪৯৩৯ জন বন্যা কবলিত এলাকার মানুষ রয়েছেন।রাজ্যের মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস গতকাল ঊনকোটি জেলার বন্যা কবলিত বিভিন্ন এলাকা ও ত্রাণ শিবিরগুলি পরিদর্শন করেছেন।

****************************

**REVIEW -Gomati EDUCATION :**

গোমতী জেলায় উচ্চ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধানদের নিয়ে গতকাল শিক্ষা পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। গোমতী জেলার সমস্ত উচ্চ ও

উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকদের নিয়ে জেলা শিক্ষা আধিকারিকের কনফারেন্স হলে গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের-এর সভাপতিত্বে এই সভা হয়। সভায় রাজ্যের মুখ্যমন্ত্রী এবং শিক্ষা সচিবের নির্দেশনার আলোকে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্বিক কর্মকান্ড পর্যালোচনা করা হয়।

****************************

**India’s high-seas fishery resources :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ভুবনেশ্বরে এক অনুষ্ঠানে গতকাল গভীর সমুদ্রে প্রাকৃতিক ভারসাম্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পন্থায় মৎস্য উত্তোলনের অনুমোদনপত্র প্রদান কর্মসূচির সূচনা করেন। তিনি বলেন, গভীর সমুদ্রে  দেশের নিজস্ব এক্তিয়ারভুক্ত জলসীমায় মৎস্য উত্তোলনের অনুমোদন মৎস্যজীবীদের জীবিকা অর্জনের ক্ষেত্রে বিশেষ সহায়ক হবে। দেশের তরুণ প্রজন্মের কাছে মৎস্য উৎপাদন ক্রমে আকর্ষণীয় পেশা হয়ে উঠছে বলে তিনি মন্তব্য করেন|

****************************

**ADOPTION REGULATIONS :**

প্রতিটি অনাথ শিশুর সুস্থ, নিরাপদ ভবিষ্যতের লক্ষ্যে রাজ্য সরকার দত্তক প্রক্রিয়ার বিধিমালা সরলিকরনে উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়| আগরতলার প্রজ্ঞাভবনে গতকাল স্টেট অ্যাডাপশান রিসোর্স এজেন্সি এবং সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত এক প্রশিক্ষণ শিবিরে তিনি একথা জানান। তিনি বলেন, অনাথ শিশুদের জন্য হোমের সংখ্যা বাড়ানো হচ্ছে।

****************************

**Sports -Gomati:**

গোমতী জেলা পরিষদে ক্রীড়া উন্নয়ন নিয়ে গতকালের গুরুত্বপূর্ণ বৈঠকে আসন্ন ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতি খতিয়ে দেখা হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন গোমতী জেলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুরের পুর প্রধান শীতলচন্দ্র মজুমদারসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

****************************

**FIFA WORLD CUP :**

ফুটবল বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে মরক্কোকে ২-0 ব্যবধানে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে ফ্রান্স। ম্যাচের প্রথমার্ধ গোলশূন্য থাকার পর, দ্বিতীয় হাফের ৬0তম মিনিটে কিলিয়ান এমবাপে প্রথম গোল করে ফ্রান্সকে এগিয়ে দেন। এর ঠিক ছয় মিনিট পর, অর্থাৎ ৬৬তম মিনিটে ওসমান ডেম্বেলে গোল করে দলের ব্যবধান দ্বিগুণ করেন। নির্দিষ্ট সময়ের মধ্যে মরক্কো কোনো গোল পরিশোধ করতে না পারায় ২-0 ব্যবধানের জয় নিয়ে মাঠ ছাড়ে ফরাসি দল।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সমস্ত জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। একইসঙ্গে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতাও জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।সকাল সাড়ে ৫ টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ২২.৪ মিলিমিটার।

****************************

****************************